

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (খনি ও খনিজ) (চ.দা), বিএমডি
তারিখ	:	১৩.০৪.২০২১ খ্রি.
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান	:	রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে আলোকপাত করেন। সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বিভিন্ন উপজেলার সিলিকা বালু ব্যবসায়ী এবং সর্বস্তরের জনসাধারণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুদ্ধাচার/উত্তমচর্চা খুবই গুরুত্বপূর্ণ। তৎপ্রেক্ষিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভা অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দাপ্তরিক সেবাসমূহ-কে ডিজিটাল সেবায় রূপান্তরের নিমিত্ত এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে 'ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। তৎপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহের আগামী ১৪২৮-১৪২৯ বাংলা সনের জন্য ইজারা প্রদান প্রক্রিয়াটি ডিজিটাল পদ্ধতিতে [esheba.bomd.gov.bd](http://esheba.bomd.gov.bd) লিংক-এর মাধ্যমে অনলাইনে দাখিল করা যাবে। ইজারা প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানের সকল তথ্যাদি হলনাগাদকরণ করে সিলিকা বালু কোয়ারির দরপত্রে অংশ গ্রহণ করতে হবে।

**২.০ আলোচনা**

দেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল ও গ্যাস ব্যতীত) সুষম ব্যবহার ও উত্তোলন ব্যবস্থাপনা আরও আধুনিকায়নের জন্য সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণয়ন করেছে। উত্তম চর্চা অংশ হিসেবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে কোয়ারি কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। দেশের সীমিত খনিজ সম্পদ অপচয় রোধ ও সুষ্ঠু ব্যবহারের বিষয়ে সকলকে অনুরোধ করা হয়। ইজারাগ্রহীতা কর্তৃক সিলিকা বালু কোয়ারির ইজারাকৃত মেয়াদ সিলিকা বালু উত্তোলন, স্থপাকারে জমাকরণ ও বিক্রয় এবং অপসারণ করা যাবে তবে সর্বাবস্থায় অবৈধ/অননুমোদিতভাবে সিলিকা বালু উত্তোলন ও অপসারণ বন্ধের জন্য আহ্বান জানানো হয়। এ ছাড়া, পরিবেশের ক্ষতি হয় বা পরিবেশের ক্ষতির সম্ভাবনা আছে এমন কোন কার্যক্রম গ্রহণ না করার অনুরোধ জানানো হয়।




সিদ্ধান্তসমূহ :

আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- (ক) ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সফটওয়্যার পাইলটিং কার্যক্রম চালু করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ইজারা প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানের সকল তথ্যাদি হলনাগাদকরণ করে সিলিকা বালু কোয়ারির দরপত্রে অংশ গ্রহণ করতে হবে। একই সাথে ইজারা প্রত্যাশী কর্তৃক নির্ধারিত ফরমে ব্যক্তিমালিকানাধীন সিলিকা বালু কোয়ারি ইজারার আবেদন অনলাইনে দাখিল করতে হবে;
- (খ) খনিজ সম্পদ সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সরেজমিন পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)

ফোন : ৮৩৯১৪৩৮


ই-মেইল : [ddmine@bomd.gov.bd](mailto:ddmine@bomd.gov.bd)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩(অংশ-২).৩৫৩

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৮  
১৮ এপ্রিল ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ জেলা, হবিগঞ্জ;
- ৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর (আরডিসি), হবিগঞ্জ (বর্ণিত সভা অনুষ্ঠানে সার্বিক সহায়তা ও অগ্রণী ভূমিকা পালন করায় ধন্যবাদ জ্ঞাপন করা হলো);
- ৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা (সকল), হবিগঞ্জ;
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।



(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)